অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/8/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল রাজধানী অঞ্চলে দুটি প্রাপ্তবয়স্কদের ব্যবহারের জন্য ক্যানাবিস ডিসপেনসারি খোলার ঘোষণা দেন

এই অঞ্চলে প্রথম নিউ ইয়র্ক ক্যানাবিস সোশ্যাল ইক্যুইটি ইনভেস্টমেন্ট ফান্ড দ্বারা সমর্থিত

জাস্টিস-প্রভাবিত লাইসেন্সধারীদের নেতৃত্বে নতুন ব্যবসা

গভর্নর হোকল আজ রাজধানী অঞ্চলে দুটি প্রাপ্তবয়স্কদের ব্যবহারের জন্য ক্যানাবিস ডিসপেনসারি খোলার ঘোষণা দিয়েছেন - যেগুলো এই অঞ্চলে প্রথম নিউ ইয়র্ক ক্যানাবিস সোশ্যাল ইক্যুইটি ইনভেস্টমেন্ট ফান্ড (New York Cannabis Social Equity Investment Fund) দ্বারা সমর্থিত। ক্যানাবিস আইনের বৈসম্যমূলক প্রয়োগের মাধ্যমে ক্ষতিগ্রস্তদের জন্য সুযোগ প্রদানের নিমিত্তে তহবিলটি তৈরি করা হয়েছিল।

"ক্যানাবিসের বাজার সম্প্রসারিত হওয়ার সাথে সাথে, আমার প্রশাসন সমস্ত নিউ ইয়র্কবাসীর স্বাস্থ্য ও নিরাপত্তা রক্ষা করা, ছোট ব্যবসাগুলোর উন্নতিতে সহায়তার করা এবং দেশের সর্বাধিক ন্যায়সঙ্গত প্রাপ্তবয়স্কদের ব্যবহারের জন্য ক্যানাবিস ইন্ডাস্ট্রি গড়ে তোলার দিকে মনোনিবেশ করেছে," **গভর্নর হোকল বলেন।** "আমরা অতীতে ক্যানাবিস আইনের বৈষম্যমূলক প্রয়োগের মাধ্যমে টার্গেটকৃতদের সহায়তা করার জন্য কাজ করার প্রাক্কালে নিউ ইয়র্ক স্টেট ভোক্তাদের জন্য নিরাপদ, আইনসম্মত পণ্য সরবরাহ অব্যাহত রেখেছে।"

ট্রয়ে, 7 ডিসেম্বর 740 Hoosick Street 420 ব্লিস খোলা হয়েছিল। 420 ব্লিস হলো আল আতোহ, রেনি লিন্ডো এবং গ্রেগ লিটলের, রিয়েল এস্টেট, নির্মাণ এবং অন্যদের মধ্যে সংগীত ব্যবসায়ে রিটেলে অভিজ্ঞতাসম্পন্ন উদ্যোক্তাদের মালিকানাধীন। তাদের লক্ষ্য হলো একটি স্থিতিশীল, দীর্ঘস্থায়ী ব্যবসা তৈরি করা যা তাদের গ্রাহকদের জন্য একটি আনন্দদায়ক অভিজ্ঞতা প্রদান করে।

অ্যালবানে, ক্যাপিটাল ডিস্ট্রিক্ট ক্যানাবিস এবং ওয়েলনেস (Capital District Cannabis and Wellness), 997 Central Avenue, 8 ডিসেম্বর খোলা হয়েছিল। ডিসপেনসারিটির মালিক রাজধানী অঞ্চলের বাসিন্দা দীর্ঘদিনের বন্ধু জেমস ফ্রেস এবং পাশা অ্যাডামস, যারা রেস্তোরাঁ

শিল্প, রিয়েল এস্টেট, স্বেচ্ছাসেবক এবং আরো অনেক কিছুতে তাদের প্রাতিষ্ঠানিক বৈচিত্র্যময় ভূমিকা এবং সেইসাথে কমিউনিটি পরিষেবার প্রতি দৃঢ় অঙ্গীকার বহন করে।

অ্যালবান মেয়র ক্যাথি শীহান বলেন, "নিউ ইয়র্ক স্টেটের ক্যানাবিসের বৈধকরণ মারজুয়ানার অপরাধীকরণের সামাজিক এবং জাতিগত বৈষম্যের অবসান ঘটানোর জন্য একটি অত্যন্ত প্রয়োজনীয় পদক্ষেপ ছিল এবং এ কারণেই অ্যালবানি সিটি আমাদের প্রথম ক্যানাবিস ডিসপেনসারি খোলার প্রস্তুতির জন্য গত দুই বছর ধরে অক্লান্ত পরিশ্রম করেছে। আমাদের ক্যানাবিস উপদেষ্টা কমিটি প্রাপ্তবয়স্কদের জন্য রিটেল ডিসপেনসারিগুলোর সময়, স্থান ও ধরন এবং সাইটে ভোগ্য লাইসেন্স, গণশিক্ষা এবং সামাজিক ও জাতিগত সমতার লেন্সের মাধ্যমে কমিউনিটির স্বাস্থ্য এবং নিরাপত্তার সুরক্ষা সহ মিউনিসিপাল পর্যায়ে ক্যানাবিস রেজুলেশনগুলোর মতামত চাইতে, অবহিত করতে এবং রূপ দিতে সহায়তা করেছিল। আমাদের উপদেষ্টা কমিটির কাজ কীভাবে আমাদের নতুন ডিসপেনসারি এবং আমাদের পুরো কমিউনিটিকে ইতিবাচকভাবে প্রভাবিত করতে সহায়তা করে তা দেখার জন্য আমি উন্মুখ। ক্যানাবিসকে বৈধ করার ফ্রেমওয়ার্কটি কার্যকর এবং নিউ ইয়র্ক স্টেট জুড়ে ছোট ব্যবসায়ের মালিকদের জন্য সুযোগ তৈরি করার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ।"

অ্যালবানি কমন কাউন্সিল মেম্বার হাইড ক্লার্ক বলেন, "নিউ ইয়র্কের আকর্ষণীয় খুচরা ক্যানাবিস স্পেসে নতুন প্রবেশকারীর ঘোষণায় অংশ নিতে পেরে আমি খুব রোমাঞ্চিত এবং ক্যাপিটাল ডিস্ট্রিক্ট ক্যানাবিস এবং ওয়েলনেস ইনকর্পোরেশন (Capital District Cannabis and Wellness Inc.)-কে 12তম ওয়ার্ডে স্বাগত জানাতে পেরে সম্মানিত বোধ করছি। এই ইনস্টলেশনটি অ্যালবানি সিটিতে ক্যানাবিসের নিরাপদ এবং বৈধ বিক্রয়ের অনুমতি দেওয়ার জন্য একটি পদক্ষেপ যখন আমরা আমাদের সিটির বাইরে এবং নিউ ইয়র্ক স্টেটের বাইরে অনেক বিক্রয় চলছে দেখতে পাই। এই নতুন সুযোগের জন্য সেন্ট্রাল অ্যাভিনিউকে বেছে নেওয়ার জন্য মালিক এবং নিউ ইয়র্ক স্টেটকে ধন্যবাদ। আমাদের সিটিতে বিনিয়োগকারী নতুন ব্যবসাগুলোকে স্বাগত জানানো ও তাদের সাথে কাজ করা প্রয়োজন আমাদের এবং এই বিনিয়োগটি আমাদের ব্যবসায়িক করিডোরে একটি গুরুত্বপূর্ণ সংযোজন।"

নিউ ইয়র্ক স্টেট ক্যানাবিস কন্ট্রোল বোর্ডের চেয়ারম্যান ট্রেমেইন রাইট বলেন, "নিউ ইয়র্ক ক্যানাবিস সোশ্যাল ইকুইটি ইনভেস্টমেন্ট ফান্ড কর্তৃক সমর্থিত প্রথম প্রাপ্ত বয়স্কদের জন্য ক্যানাবিস ডিসপেনসারিগুলো রাজধানী অঞ্চলে খোলা দেখে আমরা রোমাঞ্চিত। এই ব্যবসাগুলো সামাজিক সমতার নীতিমালা অন্তর্ভুক্ত করে যা MRTA-কে চালিত করে। তহবিলটির বিনিয়োগ উদ্যোক্তাদের টেকসই ব্যবসা গড়ে তুলতে শক্তি যুগিয়েছে যা তাদের কমিউনিটিতে অবদান রাখে। এই অগ্রণী উদ্যোগটি একটি বৈচিত্র্যময় এবং অন্তর্ভুক্তিমূলক প্রাপ্ত বয়স্কদের জন্য ক্যানাবিস শিল্পকে উৎসাহিত করতে জাতির জন্য একটি দৃষ্টান্ত স্থাপন করে এবং নিউ ইয়র্কের প্রতিশ্রুতি প্রদর্শন করে।"

420 ব্লিস সহ-প্রতিষ্ঠাতা আল আত্তোহ বলেন, "যদি তহবিলটি না থাকত, তাহলে আমাদের সম্ভবত ইক্যুইটি অংশীদারদের নিতে হত এবং ব্যবসায়ের আংশিক ছেড়ে দিতে হত। তহবিলটি আমাদের এমন একটি ব্যবসা গড়ে তোলার সুযোগ দিয়েছে আমরা যার মালিক হতে পারি, যা আগামী অনেক বছর টিকবে।"

ক্যাপিটাল ডিস্ট্রিক্ট ক্যানাবিস এবং ওয়েলনেসের সহ-প্রতিষ্ঠাতা জেমস ফ্রেস এবং পাশা অ্যাডামস বলেন, "এর অর্থ আমাদের জন্য এটি কেবল আমাদের সিটিতে একটি নতুন ব্যবসা শুরু করার সুযোগই নয়, বরং স্টেট এবং কমিউনিটির পক্ষ থেকে সমর্থন পাওয়া। নিউ ইয়র্ক ক্যানাবিস সোশ্যাল ইক্যুইটি ফান্ড (New York Cannabis Social Equity Fund), DASNY, ক্যানাবিস ম্যানেজমেন্ট অফিস (Office of Cannabis Management) এবং অবশ্যই গভর্নর সবাই এই স্টোরটিকে বাস্তবায়নে সহায়তা করার জন্য এরকম বিশাল ভূমিকা পালন করেছিলেন। তাদের সবাইকে ছাড়া আমরা এটা করতে পারতাম না।"

ফান্ডের জেনারেল পার্টনার সোশ্যাল ইক্যুইটি ইমপ্যাক্ট ভেঞ্চারস প্রিন্সিপাল ক্রিস ওয়েবার বলেন, "নিউ ইয়র্ক ক্যানাবিস সোশ্যাল ইক্যুইটি ফান্ড (New York Cannabis Social Equity Fund) ক্যাপিটাল ডিস্ট্রিক্ট ক্যানাবিস এবং ওয়েলনেসের মালিক পাশা অ্যাডামস এবং জেমস ফ্রেস আমরা জানি যে যারা রাজধানী অঞ্চলের কমিউনিটির একটি ইতিবাচক শক্তি হবে এবং উদ্যোক্তাদের ক্ষমতায়নের জন্য সামাজিক ইক্যুইটি ফান্ডের লক্ষ্যগুলো আরো এগিয়ে নিতে সহায়তা করবে তাদের সাথে কাজ করতে পেরে গর্বিত। অন্যায্য মাদক প্রয়োগকারী নীতিমালার ক্ষতিগুলো যেগুলো সংখ্যালঘু কমিউনিটিগুলোকে বৈষম্যমূলক প্রভাবিত করে সেগুলো দূর করার জন্য আমরা গভর্নর হোকল, নিউ ইয়র্ক স্টেট আইনসভা এবং সকল স্টেকহোল্ডারদের সাথে কাজ করছি। মেয়র শীহান এবং DASNY-এ আমাদের অংশীদার শিকাগো আটলান্টিক গ্রুপ (Chicago Atlantic Group), ক্যানাবিস ম্যানেজমেন্ট অফিস এবং উদ্যোক্তাদের যারা এই আন্দোলনের অগ্রভাগে রয়েছেন তাদের সমর্থনের জন্য আমরা কৃতজ্ঞ।"

নিউ ইয়র্ক স্টেট ক্যানাবিস সোশ্যাল ইক্যুইটি ইনভেস্টমেন্ট ফান্ড যা 2023 অর্থ বছরে প্রণীত বাজেটের অংশ হিসেবে অনুমোদিত, একটি পাবলিক-প্রাইভেট লিমিটেড পার্টনারশীপ যা নিউ ইয়র্কের নতুন প্রতিষ্ঠিত প্রাপ্তবয়স্কদের ব্যবহারের জন্য ক্যানাবিস ইন্ডাস্ট্রির ক্ষেত্রে সফল হওয়ার জন্য সামাজিক ইক্যুইটি উদ্যোক্তাদের অবস্থান ধরে রাখার জন্য গঠিত। এই উদ্যোগটি স্টেটকে ক্যানাবিস আইনের অন্যায্য প্রয়োগ দ্বারা ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের দ্বারা পরিচালনার জন্য নিউ ইয়র্ক স্টেট জুড়ে শর্তসাপেক্ষ প্রাপ্তবয়স্কদের ব্যবহারের জন্য রিটেইল ডিসপেনসারিগুলো লিজিং এবং সজ্জিত করার জন্য একটি বেসরকারি তহবিলে বিনিয়োগের সুযোগ দিয়েছে। এটি দেশে এধরনের প্রথম তহবিল।

NYS অফিস অব ক্যানাবিস ম্যানেজমেন্ট (Office of Cannabis Management, OCM) কর্তৃক যাদের একটি CAURD লাইসেন্স দেওয়া হয়েছে তাদের উপযুক্ত রিটেল অবস্থান শনাক্তকরণ এবং লিজিং ও স্পেসগুলোর ডিজাইন, নির্মাণ এবং ফিট-আউট সহ প্রাপ্তবয়স্কদের ব্যবহারের জন্য রিটেইল ডিসপেনসারি স্থাপনের ব্যয় মেটাতে এই তহবিল সহায়তা করবে। এটি প্রাপ্তবয়স্কদের ব্যবহারের জন্য ক্যানাবিস ইন্ডাস্ট্রি থেকে লাইসেন্সিং ফি এবং রেভিনিউ বাবাদ 50 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত সমর্থিত এবং সেইসাথে বেসরকারি খাত থেকে 150 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত সুরক্ষিত।

অ্যালবান এবং ট্রয়ের খোলা বেশ কয়েকটি ডিসপেনসারির মধ্যে ডিসপেনসারিগুলো ডিসেম্বরে স্টেট ব্যাপী খোলা থাকছে। রাজধানী অঞ্চলে, স্কেনেক্টাডি এবং রেনসেলারে ডিসপেনসারিগুলো কাজ করছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন